



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রনালয়  
উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, যশোর অঞ্চল,  
যশোর  
উপ-পরিচালকের দপ্তর

স্মারক নম্বর: ১২.০৭.৪০৪১.৩০০.৯৯.০৭৭.২১.৯১

৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সভা মার্চ/২০২৪ এর কার্যবিবরণী।

সভাপতি: ড. কামরুল হাসান  
তারিখ: ২০ মার্চ/২০২৪ ইং  
স্থান: তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর।

অদ্য ২০/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ১২.০০ ঘটিকায় উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর এর সভাপতিত্বে যশোর আঞ্চলিক কার্যালয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সভা/সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জনিয়ে উপ-পরিচালক মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। উপস্থিত প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, কুষ্টিয়া মহোদয় ডি-নথির কার্যক্রম আরো বাড়ানোর জন্য প্রস্তাব করেন। তুলা উন্নয়ন কর্মকর্তা চুয়াডাঙ্গা জোন এ বিষয়ে তৎসংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন। উপস্থিত প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, চুয়াডাঙ্গা মহোদয় আরো জানান যে, অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সাধারণ জনগণকে ডিজিটালাইজড পদ্ধতিতে সেবা প্রদান করতে পারে সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। উপ-পরিচালক মহোদয় উল্লেখ করেন যে, পেনশন, সার্ভিস বই ইত্যাদি ব্যতীত অন্যান্য চিঠি-পত্র ডি-নথির আওতায় আনা যেতে পারে। ডি-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির হার ৯০% এর বেশি করা প্রয়োজন বলে উপপরিচালক মহোদয় সকলকে অবহিত করেন।

সভার সিদ্ধান্ত:

- ১। ডি-নথির ব্যবহার ৯০% এর বেশি করতে হবে।
- ২। ডি-নথির সম্পর্কে স্টাফদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা চালু থাকবে।
- ৩। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৪। সেবা সহজীকরণ/উন্নয়ন উদ্যোগ / ডিজিটালাইজেশন ধারণা প্রস্তাব আকারে প্রেরণ করতে হবে।
- ৫। জরুরী প্রয়োজনে অনলাইনে তুলা চাষীদের সেবা প্রদান করতে হবে।

২১-০৩-২০২৪  
ড. কামরুল হাসান  
উপপরিচালক  
০৪২১৬৬৯১৫

zalibd03@yahoo.com

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, কুষ্টিয়া জোন, কুষ্টিয়া;
- ২। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ জোন, ঝিনাইদহ;
- ৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, চুয়াডাঙ্গা জোন, চুয়াডাঙ্গা;